

জিয়া হলে ১০টি হাতবোমা উদ্ধার ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে আহত ৩

যাযাদি রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল থেকে গতকাল পুলিশ ১০টি হাতবোমা উদ্ধার করেছে। পরে পুলিশের বোম ডিসপোজাল স্কোয়াড এসে বোমাগুলো নিষ্ক্রিয় করে।

আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে একই হলে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ব্যাপক ইটপাটকোল নিক্ষেপের ঘটনা ঘটেছে। এতে তিন ছাত্রলীগ কর্মী আহত হয়েছে। আহতরা হলো সালামান (ইংরেজি বিভাগ, তৃতীয় বর্ষ), জাসিম (বাংলা বিভাগ, দ্বিতীয় বর্ষ) ও তাওহীদ। তাদের মধ্যে সালামানের অবস্থা গুরুতর। তাকে

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, গতকাল সকাল ১১টার দিকে জিয়াউর রহমান হলের ছাত্রলীগের জিকু গ্রুপ ও ইউসুফ গ্রুপের মধ্যে সংঘর্ষ ঘটে। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এ দুই গ্রুপ এর আগেও মারামারি করেছে। গতকাল সকালে জিকু গ্রুপের কর্মীরা হল আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ইউসুফ গ্রুপের কর্মীদের ওপর হামলা চালায়। পরে এঁরা হলের সামনে পরস্পরকে কেন্দ্র করে ইটপাটকোল নিক্ষেপ করতে থাকে। ইটের আঘাতে ছাত্রলীগের দুই গ্রুপের তিন কর্মী গুরুতর

ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে

(শেষ পৃষ্ঠার পর)

আহত হয়। তাদের মধ্যে সালামান গুরুতর আহত হয়। সে মাথায় ইটের আঘাত পায়।

জিয়াউর রহমান হলে সংঘর্ষ চলাকালে উত্তাপ ছড়িয়ে পড়ে পার্শ্ববর্তী হলগুলোতেও। পাশের মুজিব হলে ও জসীম উদদীন হলে কর্মীরা বিভিন্ন ধারালো অস্ত্র নিয়ে সজ্জিত থাকে।

পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে শাহবাগ থানা পুলিশ হলে দুপুরে তত্ত্বাশি চালায়। এ সময় হলের ছাদ থেকে ১০টি হাতবোমা উদ্ধার করা হয়। পুলিশের বিশেষজ্ঞ টিম বোমাগুলো নিষ্ক্রিয় করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রক্টর আ কা ফিরোজ

আহমেদ জিয়াউর রহমান হলে যান। তিনি পরিস্থিতি শান্ত করতে ছাত্রলীগ নেতাকর্মীদের আহ্বান জানান।

ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাধারণ সম্পাদক সাক্বাদ সাকিব বাদশাহ বলেন, আমরা ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য প্রচেষ্টা অব্যাহত রেখেছি। এ ধরনের ঘটনা ঘটলে তাদের বহিষ্কার করা হবে।

অন্যদিকে ছাত্রলীগ নেতাকর্মীরা বিভিন্ন হলে ছাত্রদের কক্ষগুলো নিজেদের অধীনে আনছে। বিভিন্ন রুমে তারা তারা ভেঙে নিজেদের তালা খুলিয়ে নিয়েছে।

ক্যাম্পাস সুরক্ষিতরা জানিয়েছে, বিভিন্ন হলে ছাত্রলীগের আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে।